দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 18 JUL 2016 ...
পৃষ্ঠা ... 14 ... কলাম ... 2 ...

# মন্ত্রী আসবেন তাই-

**নিজস্ব সংবাদদাতা, সুনামগঞ্জ, ১৭ জুলাই ।** শিক্ষামন্ত্রী মহোদয় আসবেন! 'তাই' ঘণ্টার পর ঘণ্টা দাঁড়িয়ে থাকতে হলো ঝড়-বৃষ্টি উপেক্ষা করে কোমলমতি শিক্ষার্থীদের। শনিবার দিরাই পৌর এলাকার বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষার্থীদের সকাল ১০টা থেকে দুপুর অবধি রাস্তায় লাইন ধরে দাঁড় করিয়ে রাখা হয় হাতে ফুলের স্টিক, ব্যানার, ফেস্টুন দিয়ে। হাইকোর্ট থেকে এ বিষয়ে নিষেধাজ্ঞা থাকলেও তার কোন তোয়াক্কা না করে বিদ্যালয় কর্তৃপক্ষ কাজটি করিয়েছেন কোমলমতি শিক্ষার্থীদের দিয়ে। এ উদাসীনতাকে মানতে পারছে না ছাত্রছাত্রীরা কিংবা তাদের অভিভাবকরা। আবার প্রতিবাদও করছে না শিক্ষার্থীর লেখাপড়ায় না কোন ক্ষতি হয়। জানা যায়, শনিবার দিরাই উপজেলা সদরে সুরঞ্জিত সেনগুপ্ত মহিলা কলেজ ও পলিটেকনিক ইনস্টিটিউট উদ্বোধনী অনুষ্ঠান ছিল। শিক্ষামন্ত্রী আসবেন- তাই মন্ত্রীকে বরণ করতে হবে। শুধু এ কারণে বৈরী আবহাওয়া উপেক্ষা করে ঘণ্টার পর ঘণ্টা শিক্ষার্থীদের বৃষ্টির মধ্যে দাঁড় করিয়ে রাখা হয় নির্ধারিত পরীক্ষা স্থগিত রেখে, যা স্বাভাবিকভাবে মেনে নিতে পারেননি অভিভাবক ও সচেতন নাগরিকরা। দিরাই উচ্চ বালিকা বিদ্যালয়ের সভাপতি আব্দুল হক বিষয়টি নিশ্চিত করে জানান, আমাদের বিদ্যালয়ের ছাত্রীরা বিদ্যালয়টি সরকারীকরণের দাবিতে রাস্তায় দাঁড়িয়েছিল। দিরাই উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক সব্যসাচী দাস চয়ন দাঁড়িয়ে থাকার বিষয়টি নিশ্চিত করে বলেন, শিক্ষার্থীরা কোনদিন সরাসরি শিক্ষামন্ত্রীকে দেখেনি, মন্ত্রীকে দেখবে এবং অভিনন্দন জানাতে দাঁড়িয়েছিল। দিরাই বালক-বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাফর ছিদ্দিকীর নম্বরে ফোন দেয়া হলে পরিচয় জেনে পরে কথা বলবেন বলে লাইন কেটে দেন। এ ব্যাপারে জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা নিজাম উদ্দিন বিষয়টি নিশ্চিত করে বলেন, এ ব্যাপারে আমি নিজেও ক্ষুব্ধ। আমি ওই সব বিদ্যালয়ের প্রধান শিক্ষকসহ কর্তৃপক্ষকে কারণ দর্শানোর চিঠি দেব। কেন সকাল ১০টা থেকে বিকেল ৩টা পর্যন্ত রাস্তায় দাঁড় করিয়ে রাখা হয়। তিনি আরও বলেন, বিষয়টি মন্ত্রী মহোদয় জানতে পারলে তিনিও ক্ষুব্ধ হবেন।